# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 10-03-2026** **Time: 1.30 PM**

---

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) লোকসভায় অধ্যক্ষ ওম বিড়লার অপসারণের প্রস্তাবের উপর আলোচনা শুরু হয়েছে।

২) পশ্চিম এশিয়ায় যুদ্ধকালীন পরিস্থিতিতে প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, সরবরাহ বজায় রাখার লক্ষ্যে কেন্দ্র, ১৯৫৫ সালের অত্যাবশ্যকীয় পণ্য আইন প্রয়োগ করেছে।

# তৈল শোধনাগারগুলিতে এলপিজি উৎপাদন আরও বাড়াতে নির্দেশিকা জারি করেছে সরকার।

৩) হরমুজ প্রণালী দিয়ে তেল সরবরাহ বন্ধ করার কোনো চেষ্টা করলে ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান তীব্রতর হবে বলে হুঁশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

৪) প্রধানমন্ত্রী ধনধান্য যোজনা দেশের ১০০ টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পটি গ্রহণ করেনি বলে কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান লোকসভায় অভিযোগ করেছেন।

৫) পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে কোনও বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন।

oooooooooooooooooooooooo

লোকসভায় অধ্যক্ষ ওম বিড়লার অপসারণের প্রস্তাবের উপর আলোচনা শুরু হয়েছে। দুপুর ১২টায় অধিবেশন মুলতুবি হওয়ার পর কংগ্রেস সাংসদ ডঃ মোহাম্মদ জাভেদ প্রস্তাবটি উত্থাপন করেন। তিনি বলেন, অধ্যক্ষ, বিরোধী দলনেতাদের সভায় বক্তব্য রাখতে দেননি

এবং বিরোধী দলের মহিলা সাংসদদের বিরুদ্ধে অযৌক্তিক অভিযোগ তোলেন। শ্রী জাভেদ বলেন, শ্রী বিড়লা সভার সব অংশের আস্থা অর্জনের জন্য নিরপেক্ষ আচরণ বজায় রাখতে ব্যর্থ হয়েছেন। প্রিসাইডিং অফিসার জগদম্বিকা পাল সদস্যদের জানান, প্রস্তাবের উপর আলোচনার জন্য দশ ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছে।

কংগ্রেসের গৌরব গগৈ বলেন, রাষ্ট্রপতির ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপন প্রস্তাবের উপর বক্তৃতা দেওয়ার সময় অধ্যক্ষ বিরোধী দলনেতা রাহুল গান্ধীকে বারবার বাধা দিয়েছিলেন। শ্রী গগৈ বলেন, সভার মর্যাদা রক্ষার দায়িত্ব হিসেবে এই প্রস্তাবটি আনা হয়েছে।

oooooooooooooooooooooo

এর আগে প্রশ্নোত্তর পর্বের মধ্য দিয়ে সকাল ১১টায় কক্ষের কার্যক্রম শুরু হয়। বিরোধী সদস্যদের স্লোগানের মধ্যেই কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান প্রধানমন্ত্রী ধন-ধন্য যোজনা এবং কৃষি উন্নতি যোজনা সম্পর্কিত প্রশ্নের উত্তর দেন। লোকসভার প্রিসাইডিং অফিসার সন্ধ্যা রায় সংসদ পরিচালনার চেষ্টা করলেও, বিরোধীদের হট্টগোলের কারণে সংসদ দুপুর ১২টা পর্যন্ত মুলতবি করা হয়।

oooooooooooooooooooooo

বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রক ও দফতরের প্রতিবেদন উপস্থাপনের মধ্য দিয়ে রাজ্যসভার কাজ আজ শুরু হয়েছে। সংসদীয় কমিটির রিপোর্টও সংসদে উপস্থাপন করা হয়। শূন্যকালে, তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও'ব্রায়েন পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যে নির্বাচন কমিশন পরিচালিত বিশেষ নিবিড় সংশোধনী-SIR নিয়ে আলোচনার দাবি জানান। রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গেও নির্বাচনী সংস্কার নিয়ে সংসদে আলোচনার দাবি জানান। স্লোগান দিতে দিতেই বিরোধীরা কক্ষ থেকে ওয়াকআউট করেন। এই ঘটনার প্রত্যুত্তরে বিজেপি সাংসদ জেপি নাড্ডা বলেন, বিরোধী দলগুলি সংসদের ভেতরে প্রকৃত বিতর্ক চায় না। নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হওয়ার পরেও তিনি সংসদের ভেতরে SIR উত্থাপনের জন্য বিরোধীদের নিন্দা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ার যুদ্ধকালীন পরিস্থিতির মধ্যে, কেন্দ্রীয় সরকার গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির জন্য প্রাকৃতিক গ্যাসের উৎপাদন, সরবরাহ বজায় রাখা, সুষম বন্টন এবং নিয়ন্ত্রণের জন্য ১৯৫৫ সালের অত্যাবশ্যকীয় পণ্য আইন-এসেনশিয়াল কমোডিটিস অ্যাক্ট প্রয়োগ করেছে। প্রাকৃতিক গ্যাস সরবরাহের ক্ষেত্রে গার্হস্থ্য ক্ষেত্রে ও পরিবহণের জন্য প্রাকৃতিক গ্যাস সরবরাহ, এলপিজি উৎপাদন, অন্যান্য প্রয়োজনীয় ক্ষেত্রে প্রাকৃতিক গ্যাস যথাযথ ভাবে মজুদ রাখার কথা কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রকের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সরকার সার উৎপাদন কারখানাগুলিতে তাদের গত ছয় মাসের গড় গ্যাস ব্যবহারের ৭০ শতাংশ প্রাকৃতিক গ্যাস সরবরাহ নিশ্চিত করবে।

দেশের প্রাকৃতিক গ্যাস সরবরাহ অব্যাহত রাখতে কেন্দ্রীয় সরকার যথাযথ ব্যবস্থা নিচ্ছে বলে জানিয়েছেন বিজেপি নেতা তেজস্বী সূর্য।

(বাইট-BJP-TEJASVI-SURYA---GAS-OIL)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সরকার, তেল শোধনাগারগুলিকে এল পি জি র উৎপাদন আরও বাড়ানো এবং গৃহস্থালীর কাজে তা ব্যাবহারের জন্যে নির্দেশিকা জারি করেছে। পশ্চিম এশিয়ায় বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে জ্বালানি ও রান্নার গ্যাসের  সরবরাহ ব্যাহত হতে পারে – এই আশঙ্কার মধ্যেই এই নির্দেশিকা।

সামাজিক মাধ্যমে এক  বার্তায় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক জানিয়েছে, সরকার বাড়ি বাড়ি রান্নার গ্যাসের নিরবচ্ছিন্ন সরবরাহকে অগ্রাধিকার দিচ্ছে। কালোবাজারি ও মজুতদারি বন্ধ করতে ২ বুকিং এর মধ্যবর্তী সময় ২৫ দিন করা হয়েছে। হাসপাতাল ও শিক্ষা প্রতিষ্ঠানগুলিতেও এল পি জি সরবরাহের ওপরে গুরুত্ব দেওয়া হছহে। এ ছাড়া হোটেল, রেস্তরাঁ এবং অন্যান্য শিল্প  সহ বাণিজ্যিক ক্ষেত্রে এল পি জি সরবরাহের বিষয়টি

পর্যালোচনার জন্যে একটি কমিটি গঠন করা হয়েছে। তিনটি তেল বিপণন সংস্থার কার্যনির্বাহী অধিকর্তারা এই কমিটিতে আছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হরমুজ প্রণালী দিয়ে তেল বহনকারী জাহাজের পরিবহণ বন্ধ করা হলে ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান তীব্রতর হবে বলে হুশিয়ারি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের সঙ্গে সংঘাত দ্রুত শেষ হতে পারে বলেও মন্তব্য করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

মার্কিন আক্রমণে ইরানের বিমান ও নৌবাহিনীর বিপুল ক্ষয়ক্ষতি হয়েছে বলে দাবি করে ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন চার সপ্তাহের মধ্যে এই সংঘাতের সমাপ্তি হতে পারে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

অপরিশোধিত তেলের দাম ৮ শতাংশের বেশি কমে ব্যারেল প্রতি ৯২ ডলার ৫০ সেন্ট হয়েছে। মার্কিন বাজারেও তেলের দাম প্রায় ৯ শতাংশ কমে ব্যারেল প্রতি ৮৮ ডলার ৬০ সেন্ট হয়েছে। প্রসঙ্গত, পশ্চিম এশিয়ায় উত্তেজনার শুরুতে অপরিশোধিত তেলের দাম বর্তমান দামের ৩০ শতাংশ কম ছিল।

উল্লেখ্য, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শীঘ্রই যুদ্ধ শেষ হওয়া নিয়ে করা মন্তব্যের কারণেই তেলের দাম কমেছে বলে মনে করা হচ্ছে। বাজার খোলার সঙ্গে সঙ্গেই, অপরিশধিত তেলের দামে পতনের ফলে এশিয়ার শেয়ার বাজারগুলিতে চাঙ্গা ভাব লক্ষ্য করা গেছে। জাপানের নিক্কেই ২ শো ২৫ সূচক ২ দশমিক ৮ শতাংশ এবং দক্ষিণ কোরিয়ার কোস্পি এক্সচেঞ্জ ৫ শতাংশেরও বেশি বেড়েছে।

এদিকে, ইরাণের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলের সংঘাতের প্রেক্ষিতে আন্তর্জাতিক বাজারে তেলের দামে যে ঊর্ধ্বগতি পরিলক্ষিত হচ্ছে তার মোকাবিলায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে জি সেভেন দেশগুলি প্রস্তুত বলে জানিয়েছে। বিশ্বে তেল সরবরাহে সাহায্য করার বিষয়ে তারা উদ্যোগী হবে। যদিও জি সেভেন অর্থমন্ত্রীদের সঙ্গে

আন্তর্জাতিক শক্তি সংস্থা IEA-র বৈঠক, কোনোরকম চুক্তি ছাড়াই সম্পন্ন হয়েছে। ভার্চুয়াল এই বৈঠকে মজুত রাখা তেল বাজারে ছাড়ার ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। আন্তর্জাতিক শক্তি সংস্থার কার্যনির্বাহী মহানির্দেশক ফাতিহ বিরোল জানিয়েছেন, হরমুজ প্রণালী দিয়ে তৈলবাহী জাহাজ চলাচল বিঘ্নিত হওয়ায় তেল উৎপাদনের পরিমাণ কমানো হচ্ছে। স্বাভাবিকিভাবেই এর ফলে বাজারে ঝুঁকি বাড়ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়া ও উপসাগরীয় অঞ্চলের বর্তমান পরিস্থিতি নিয়ে বিদেশ মন্ত্রকের সচিব শ্রীপ্রিয়া রঙ্গনাথম সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য সচিবদের সঙ্গে এক ভার্চুয়াল বৈঠক করেন। বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর গতকাল সংসদে পশ্চিম এশিয়া নিয়ে যে বিবৃতি দেন, তার প্রধান বিষয়গুলির ওপর বৈঠকে আলোকপাত করেন শ্রীমতি রঙ্গনাথন। পশ্চিম এশিয়ার দেশগুলিতে ভারতীয় দূতাবাসের পক্ষ থেকে নিয়মিত যেসমস্ত তথ্য ও নির্দেশিকা জারি করা হচ্ছে, সেব্যাপারে ওয়াকিবহাল থাকার জন্যও রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সহায়তা চেয়েছেন তিনি। আঞ্চলিক পাসপোর্ট অফিস ও ভারতে বিদেশমন্ত্রকের শাখা সচিবালয় এবং মন্ত্রকের বিশেষ কন্ট্রোলরুমের মাধ্যমে সমন্বয় বজায় রাখার জন্য বৈঠকে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে বলা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল কেরালা এবং তামিলনাড়ু সফর করবেন। কেরালায়, দুপুর ১ টা ৩০ মিনিটে এর্নাকুলামে প্রায় ১০ হাজার ৮ শো কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্প উদ্বোধন করে তা জাতির উদ্দেশ্যে উৎসর্গ করার পাশাপাশি বেশ কিছু প্রকল্পের শিলান্যাস করবেন। শ্রী মোদী এর পর সেখানকার জনগণের উদ্দেশ্যে ভাষণ দেবেন।

পরে তামিলনাড়ুতে, প্রধানমন্ত্রী তিরুচিরাপল্লীতে প্রায় ৫ হাজার ৬ শো ৫০ কোটি টাকা মূল্যের একাধিক উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এই উপলক্ষে জনসাধারণের উদ্দেশ্যে ভাষণও দেবেন তিনি।

oooooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গের এবারের বিষয় কর্কট রোগ ও তার প্রতিরোধ। দুই পর্বের এই আলোচনায় আজ শুনবেন সারভাইকাল ক্যান্সার প্রতিরোধে ভারত সরকারের বিনামূল্যে hpv টীকা করণ কর্মসূচি। বিশিষ্ট ক্যান্সার বিশেষজ্ঞ ড শংকর নাথের  সঙ্গে কথা বলেছেন কাশফিন  নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির প্রথম পর্ব শুনবেন  রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী ধন-ধান্য যোজনা দেশের ১০০টি জেলায় কার্যকর হলেও পশ্চিমবঙ্গ সরকার এই প্রকল্পটি গ্রহণ করেনি বলে আজ লোকসভায় অভিযোগ করেছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। এই প্রকল্পের জন্য তালিকায় পুরুলিয়া, দার্জিলিং, আলিপুরদুয়ার, ঝাড়গ্রামের নাম ছিল।

পাশাপাশি, গত ১০ বছরে দেশে শস্য উৎপাদন ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলেও জানিয়েছেন কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান। আজ লোকসভায় এক প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন, নতুন মাইল ফলক সৃষ্টি করে দেশে খাদ্য শস্য উৎপাদন ৩৫৭ মিলিয়ন টনে পৌঁছেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের কৃষি ক্ষেত্রের সংস্কারে যে সব সিদ্ধান্ত নেওয়া হয়েছে তার ফলে কৃষকদের আর্থিক উন্নতির পাশাপাশি শস্য উৎপাদনও বেড়েছে বলে কেন্দ্রীয় কৃষি মন্ত্রী জানিয়েছেন। চিনকে পিছনে ফেলে ধান উৎপাদনে ভারত বিশ্বে বর্তমানে প্রথম স্থানে রয়েছে বলেও তিনি জানান। দেশে ডাল উৎপাদন ১৯ মিলিয়ন টন থেকে বেড়ে ২৬ মিলিয়ন টনে পৌঁছেছে বলে জানিয়েছেন শ্রী চৌহান।

oooooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের আসন্ন বিধানসভা নির্বাচনে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার আশ্বস্ত করেছেন। দু দিনের রাজ্য সফর শেষে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ কলকাতায় সাংবাদিক বৈঠক করেন।

(বাইট – জ্ঞানেশ কুমার)

সেখানেই জ্ঞানেশ কুমার বলেন, ৮০ হাজারেরও বেশী ভোটকেন্দ্র তৈরী করা হবে এবং তার প্রতিটিতেই থাকবে ওয়েবকাস্টিং এর ব্যবস্থা। তিনি জানান, রাজ্যে শান্তিপূর্ণ ভোটের আয়োজন করাই নির্বাচন কমিশনের মূল লক্ষ্য। মুখ্য নির্বাচন কমিশনার আরো জানান, বয়স্ক ভোটারদের সুবিধার জন্য হুইল চেয়ারের ব্যবস্থার পাশাপাশি স্বেচ্ছাসেবক বাহিনীও মজুত রাখা হবে। থাকবে পানীয় জলের ব্যবস্থা। খোলা হবে ভোটার সহায়তা কেন্দ্র। যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত করতে আরো বেশী উদ্যোগ নেওয়া হচ্ছে। ভোটার সংক্রান্ত সমস্ত তথ্য ECINET অ্যাপে পাওয়া যাবে। মোবাইল ফোন নিয়ে ভোটকেন্দ্রে প্রবেশ করা যাবে না। তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন, বর্তমান বা প্রাক্তন সরকারী আধিকারিকরা, কোনোরকম রাজনৈতিক কর্মকান্ডের সঙ্গে যুক্ত থাকতে পারবেন না।

এস আই আর সংক্রান্ত এক প্রশ্নের জবাবে  জ্ঞানেশ কুমার বলেন, ১৯৫০ সালের জন প্রতিনিধিত্ব আইন অনুযায়ী এই প্রক্রিয়া চালানো হয়েছে, এবং এই প্রক্রিয়ার লক্ষ্য হলো -প্রতিটি বৈধ ভোটার যাতে ভোট দিতে পারেন তা নিশ্চিত করা। ভোটার তালিকায় স্বচ্ছতা আর একটি লক্ষ্য।

ক-দফায় এরাজ্যে নির্বাচন হবে, সে সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি জানান, তা নির্ভর করবে রাজ্য সরকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে কতটা প্রস্তুত, তার ওপর। তার সম্পর্কে কয়েকটি রাজনৈতিক দল যে অসৌজন্যমূলক মন্তব্য করছে, সে সম্পর্কে মুখ্য নির্বাচন কমিশনার বলেন, ভারত একটি গণতান্ত্রিক দেশ, এখানে যে কেউ স্বাধীনভাবে তার বক্তব্য রাখতে পারেন এব্যাপারে তার কিছু বলার নেই।

জ্ঞানেশ কুমার বলেন, নির্বাচন কমিশন জিরো টলারেন্স নীতি নিয়ে চলছে এবং অপরাধীদের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতম শাস্তি দেওয়া হবে। নির্বাচন সংক্রান্ত বকেয়া মামলাগুলি সম্পর্কে আদালত ব্যবস্থা নেবে বলে তিনি মন্তব্য করেন।

oooooooooooooooooooooo

জম্মু ও কাশ্মীরের সাম্বা জেলার আন্তর্জাতিক সীমান্তে গতকাল সন্দেহভাজন পাকিস্তানি ড্রোনের উপস্থিতি লক্ষ্য করা গেছে। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, গত রাতে দাবোহের সাধারণ এলাকায় সন্দেহভাজন ড্রোনের গতিবিধি শনাক্ত হতেই আজ সকাল থেকে সেনাবাহিনী, পুলিশ এবং সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ) যৌথ তল্লাশি অভিযান শুরু করেছে। এলাকায় আরও বাহিনী মোতায়েন করা ছাড়াও,কোনও অস্ত্র বা মাদকদ্রব্য যাতে আকাশপথে না ফেলা হয় তা নিশ্চিত করার জন্য এলাকায় পুঙ্খানুপুঙ্খ তল্লাশি চালানো হচ্ছে। সকালে ওই এলাকায় সন্দেহজনক গতিবিধির খবর পেয়ে রাজপুরা এলাকার ভাই নাল্লা, লালা চক এবং মালানিতেও তল্লাশি অভিযান শুরু করে পুলিশ এবং বিএসএফ।

oooooooooooooooooooooo

আইসিসি আয়োজিত পুরুষদের টি-টোয়েন্টি বিশ্বকাপ শিরোপা জয়ী ভারতীয় দলের সদস্যদের জন্য ১৩১ কোটি টাকার নগদ পুরস্কার ঘোষণা করল বিসিসিআই। এক বিবৃতিতে বিসিসিআই সচিব দেবজিৎ সাইকিয়া জানিয়েছেন, সূর্যকুমার যাদবের নেতৃত্বাধীন বিশ্বকাপ জয়ী দলের ১৫ জন খেলোয়াড়, কোচিং স্টাফ এবং অন্যান্য সহায়তাকারী কর্মীদের মধ্যে এই পুরস্কারমূল্য ভাগ করে নেওয়া হবে।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo